গাংনীতে চোরাচালান প্রতিরোধ ও আইন শৃংখলা কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে চোরাচালান প্রতিরোধ ও আইন শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১টার দিকে গাংনী উপজেলা সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন, পৌর মেয়র আশরাফুল ইসলাম, গাংনী থানার অফিসার ইনচার্জ ওবায়দুর রহমান, গাংনী উপজেলা ভাইসচেয়ারম্যান রাশেদুল ইসলাম জুয়েল, উপজেলা স্বাস্থ ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলম, বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল হক বিশ^◌াস, জাতীয় পাটি জেপির জেলা সভাপতি আব্দুল হালিম, জেলা আওয়ামীলীগের সাবেক নেতা শহিদুল ইসলাম শাহ,

উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজামান মনি, আওয়ামীলীগ নেতা মনিরুজামান আতু, সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক ও গাংনী প্রেস ক্লাবের সভাপতি রমজান আলীসহ আইন শৃংখলা কমিটির সদস্য ও বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ফেন্সিডিলসহ ৭ মামলার আসামী আটক

মেহেরপুরে ৬ বোতল ফেন্সিডিলসহ ওটন মোল্লা নামের এক মাদক মামলার আসামীকে আটক করেছে ডিবি পুলিশ। বৃহস্পতিবার দিবাগত রাতে এস আই

তরিকুলের নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার বুড়িপোতা গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক ওটন মোল্লার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় ৭টি মাদকের মামলা রয়েছে। আসামী ওটন সদর উপজেলার বুড়িপোতা গ্রামের বর্ডার পাড়ার মৃত এয়ার মোল্লার ছেলে৷

বিষয়টি নিশ্চিত করে জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, আটক আসামী ওটন মোল্লার বিরুদ্ধে ৭টি মাদকের মামলা বিচারাধীন রয়েছে। এছাড়াও ফেন্সিডিলসহ আটক হওয়ায় তার বিরুদ্ধে আরও একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।
মেপ্র/এমএফআর

মেহেরপুরিয়ান ফেসবুক গ্রুপের মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ

মেহেরপুরিয়ান গ্রুপের পক্ষ থেকে অটোরিকশা, ভ্যান চালক, মোটর সাইকেল আরোহীদের মধ্যে ১ হাজার মাস্ক ও ৬০০ হ্যান্ডস্যানিটাইজার বিতরণ করা হয়।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজার ও গাংনীতে ফরিদ সিকদার ফাহিম এই কর্মসূচির উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন, সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে আমরা কিছু সংখ্যক মানুষের মাঝে মাস্ক ও হ্যান্ডস্যানিটাইজার বিতরণ করেছি।

এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুরিয়ান গ্রুপের এডমিন নাইমুল ইসলাম, রাব্বি হোসেন, এস আই শাকিল, রাজা,মোহাম্মদ রাজন ও বানী আমিন প্রমুখ।

মেহেরপুর পৌরসভায় চাল বিতরণ

চলমান করোনাভাইরাস সংক্রামক প্রতিরোধে ঈদুল আযহা উপলক্ষে ক্ষতিগ্রস্ত ও দুস্থ অসহায় পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর ত্রাণ উপহার চাল বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে পৌরসভা চত্বরে চাল বিতরণের উদ্বোধন করেন পৌর মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন।

এসময় মেহেরপুর পৌরসভার ১,২,৩ নম্বর ওয়ার্ডের ১৪৯৫ টি অসহায় গরীব পরিবারের মাঝে ১৫ কেজি করে চাল বিতরণ করা হয় ।

খাদ্য বিতরণ কালে পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, নুরুল আশরাফ রাজিব, শাকিল রাব্বি ইভান, পৌর কর্মকর্তা-কর্মচারীগণ ও যুবলীগ নেতা আমিনুর রহমান সোহেল সাইদুর রহমান সহ অনেকে উপস্থিত ছিলেন।
মেপ্র/এমএফআর

মেহেরপুর মানব উন্নয়ন কেন্দ্র মউক’র উদ্যোগে খাবার বিতরণ

মেহেরপুর জেলায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এর আয়োজনে পাঁচটি মাদ্রাসায় ছাত্রদের মাঝে খাবার ও মাস্ক বিতরণ করে ।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর জেলার বিভিন্ন মাদ্রাসায় শতাধিক ছাত্রদের মাঝে মাস্ক ও খাবার বিতরণ করে।
এসময় উপস্থিত ছিলেন মউক এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

তিনি বলেন করোনা কালীন সময়ের মধ্য দিয়ে মেহেরপুর জেলার সকল স্কুল, কলেজ, মাদ্রাসা অনির্দিষ্টকালের জন্য বন্ধ আছে। তাই আমাদের মধ্য দিয়ে মেহেরপুর জেলায় মাদ্রাসা গুলোতে খাবার বিতরণ

করেছি। আমরা এর আগেও মহামারী পরিস্থিতিতে জনসাধারণের মাঝে মাস্ক ও ইফতার বিতরণ করেছি।

এসময় আরও উপস্থিত ছিলেন প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, ফাইমা খাতুন, কাজল রেখাসহ সদস্য বৃন্দ।

মেপ্র/আজেএম

মৎস্য সপ্তাহ উপলক্ষে মাছে ক্ষতিকর রাসায়নিক প্রয়োগ বিরোধী অভিযান

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২০ উপলক্ষে ৩য় দিনের কর্মসূচি হিসাবে মুজিবনগরে মাছে ক্ষতিকর রাসায়নিক প্রয়োগ বিরোধী অভিযান ও মৎস্য বিষয়ক আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

বৃহস্প্রতিবার সকাল থেকে দুপু্র প্রর্যন্ত উপজেলার বিভিন্ন স্থানে এ অভিযান চালানো হয়।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম এ অভিযানে নেতৃত্ব দেন।

অভিযান চলাকালীন সময়ে কেদাগন্জ বাজারসহ বিভিন্ন জায়গায় মাছের ফরমালীন পরিক্ষা করা হয়।

কোন মাছে ফরমালীন পাওয়া যায়নি বলে জানিয়েছেন মৎস অফিসার শহিদুল ইসলাম।

এদিকে অভিযান চলাকালীন সময়ে ভৈরব নদীতে কারেন্ট জাল দেখতে পাওয়ায় জাল পুরিয়ে দেওয়া হয়।

এ সময় মৎস্য অফিসের ক্ষেত্র সহকারী আহসান হাবিব উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা প্রশাসনের অভিযান

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে করোনা ভাইরাস প্রতিরোধে জন সচেতনতা সৃষ্টির লক্ষ্যে অভিযান পরিচালনা করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরের দিকে এ অভিযান পরিচালনা করা হয়।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মিথিলা দাস এর নেতৃত্বে মেহেরপুর শহরের বড়বাজার এলাকায় বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে এ অভিযান পরিচালনা করা হয়।

এ সময় ব্যবসায়ীসহ ক্রেতা সাধারণ এবং পথচারীদের মাস্ক ব্যবহারের জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়। পরে শহরের বড়বাজার এলাকায় মাস্ক না থাকায় এবং স্বাস্থ্যবিধি না মানায় ২৭৯ ধারায় ৩ জনের নিকট থেকে ৬ শ টাকা জরিমানা আদায় করা হয়। এ সময় এস আই রামপ্রসাদ সহ প্রমুখ উপস্থিত ছিলেন।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে এ যেন এক ছিটমহল !

মেহেরপুরে জেলখানা পাড়া ও শিশুপাড়ার চার শতাধিক পরিবার পানিবন্দি হয়ে পড়েছে। অধিকাংশ ঘরের ভিতরে চলে গেছে পানি। পানি নিষ্কাশন ব্যবস্থা না থাকায় এমনটি হচ্ছে বলে অভিযোগ স্থানীয়দের। সীমানা জটিলতায় কেউই দায় নিচ্ছে জলাবদ্ধতার।

মেহেরপুর পৌরসভা ও আমদহ ইউনিয়নের মধ্যে এইদুই পাড়াকে কেন্দ্র করে চলছে দীর্ঘদিন ধরে বিরোধ। জেলখানা পাড়ার একই পরিবারে দুইজন সদস্য ভোটার হচ্ছেন মেহেরপুর পৌরসভার ও অপরদুইজন হচ্ছে আমদহ

ইউনিয়নের। ট্যাক্স নেওয়ার সময় পৌরসভা ও আমদহ ইউনিয়ন দুইপাড়ার বাসিন্দাদের নোটিশ পাঠালেও উন্নয়ন কাজে কারই মাথা ব্যথা নেই।

গত একসপ্তাহ ধরে ভারি বর্ষণে পানিবন্দি হয়ে দিনপার করছে প্রায় ৪শ পরিবারের হাজার খানেক মানুষ। মেহেরপুর পৌরসভা ও আমদহ ইউনিয়ন পরিষদকে বিষয়টি জানালেও কোন সুফল পাওয়া যায়নি। এদিকে দীর্ঘদিন পানিবন্দি থাকায় স্থানীয়দের মধ্যে পৌরসভা ও আমদহ ইউনিয়ন পরিষদের উপর ক্ষোভ জন্মেছে। কেউ কেউ বলছে মেহেরপুরে থেকেও নিজেকে রহিঙ্গা মনে হচ্ছে। জেলপাড়া ও শিশুপাড়ার বাসিন্দা নিজেকে দুর্ভাগা মনে করছেন অনেকেই।

শিশুপাড়ার অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা আব্দুল বাকি জানান, জলাবদ্ধতা চৈত্র মাস থেকে এই জলবদ্ধতা কতদিন থাকবে এর কোন ঠিক নেই জলাবদ্ধতায় ঘরবাড়ি পায়খানা টিউবওয়েল রান্না করার ক্ষমতা নাই সবাইতো আর গ্যাসের চুলায় রান্না করতে পারে না আরো সমস্যা হলো মেহেরপুর পৌরসভার লাইক পানিসহ অন্যান্য সব প্রয়োজনীয় জিনিসের সুবিধা আমরা পাচ্ছি অথচ একই বাড়ির চারজন লোক হলে দুইটা ভোট আমদহ ইউনিয়ন এর দুইটা ভোট পৌরসভার। এটা কিভাবে হলো আমরা তা জানি না। যদি জমি ভাগ হয় তবে জমির আইল হবে কিন্তু একই পরিবারের চার জন কিভাবে দুই দিকে বিভক্ত হয়। যার জন্য আমাদের বর্তমানে কোন অভিভাবক নাই। ।

এখানে একটি মসজিদ আছে শত শত মানুষ নামাজ পড়তে আসে কিন্তু এই জলাবদ্ধতার কারণে অনেক লোক নামাজ পড়তে আসতে পারে না। মেহেরপুর প্রশাসনের কাছে আমার বিশেষ অনুরোধ আমাদের পানি নিষ্কাশনের ব্যবস্থা সেটা করে দেয়া হোক। আর একবাড়ির চারটা ভোট দুইটা একদিকে আর দুইটা অপরদিকে এর সুব্যবস্থা আমরা চাই। আমরা কিসের ভিতরে আছি সেটা জানতে চাই৷ সারা বিশ্বে যে করো না মহামারি শুরু হয়েছে তার থেকেও মনে হয় এই জলাবদ্ধতায় ভুগছি।

জেলখানা পাড়ার গৃহিণী রাহাতুন খাতুন জানান, আমরা পৌরসভার ভোটার ছিলাম কিন্তু এই বছর থেকে আমদহ ইউনিয়ন আমাদের কাছ থেকে টেক্স আদায় করে। আমদহ ইউনিয়ন ট্যাক্স আদায় কেন করছে এটা জানতে চাইলে বলে আমরা এখন থেকে আমদহ ইউনিয়ন এর ভিতরে। আমদাহ ইউনিয়নে এই জলাবদ্ধতা নিয়ে বলতে গেলে তিনি বলেন এই বিষয়টা নিয়ে দেখছেন। কিন্তু এক সপ্তাহ হয়ে গেল আমাদের দেখাশোনা করছে না আপনারা ধরতে পারেন আমরা এখন রোহিঙ্গার মত বসবাস করছি। আমাদের পৌরসভা দেখছে না আমরা ইউনিয়ন ও দেখছে না আমরা এতে খুব সমস্যার ভিতরে আছি।

আমরা এই জলবদ্ধতা ভোগ করছি প্রায় দুই মাস ধরে।জলাবদ্ধতার কারণে আমাদের সমস্যা হয়। হাঁটু পর্যন্ত পানি বাড়ির ভিতরে ঢুকে পড়ছে। বাইরে কোন কাজ করতে পারছি না। গরু, ছাগল, হাঁস- মুরগি সব পানির ভিতরে আছে। আমাদের ব্যবস্থা পৌরসভার কিংবা আমদাহ ইউনিয়ন কেউ নিচ্ছে না। এই জলবদ্ধতা শুধু এই বছরই না অন্যান্য বছরেও কিন্তু এই জলাবদ্ধতা দেখা দেয়। তার তুলনায় এই বছরে ভারি বর্ষণের কারণে বেশি হয়েছে। জেলখানা হওয়াতে পানি কোথাও যেতে পারে না তাই আমরা প্রতিবছরই ডুবে যাচ্ছি।
জেলখানা পাড়ার অপর এক বাসিন্দা রহিমা খাতুন জানান আমার বাড়ির ভিতরে ও সাগর পানি। প্রতিদিনই ঢুকছে দুই একটা সাপ কিংবা ছোটখাটো বিচ্ছু। ভয়ে আমরা বাড়ির ভিতরে ঢুকতে পারছি না। খুব কষ্টের ভিতর আছি আমরা।

আমরা জানি না পৌরসভা না আমদহ ইউনিয়ন এর ভিতরে আছি। আমরা খুব অসহায় হয়ে পড়েছি। আমার স্বামী নাই কোন ছেলে নাই দুই মেয়ে খুব অসহায়ের মত পড়ে আছি। আমরা কিছু চাইনা শুধু একটা ড্রেন হলেই আমরা কর্ম করে খেতে পারব।

একই পাড়ার কাঠমিস্ত্রি সোহাগ জানান, আমরা দীর্ঘদিন যাবৎ পৌরসভার ভিতর ছিলাম এখন আমরা পৌরসভা কি আমদহ এর ভিতর ঠিক জানিনা আমরা যার অন্তর্গত হই না কেন কোন ইউনিয়ন বা পৌরসভা কোন সময় আসে না আমাদের কাছে। আমরা বাড়িতে এই করানোর সময় কি করে জীবন যাপন করছি তা কেউ দেখেনা। তাতে কোন সমস্যা নাই।

আমাদের এই জলাবদ্ধতার কারণে পোকামাকড় কে বেশি ভয় করতে হচ্ছে আবার একদিক দিয়ে করোনাভাইরাস অপর দিকে জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে, মশা, যা থেকে আমাদের ডেঙ্গু হতে পারে, এবং ছোট ছোট বাচ্চাদের নিয়ে ডায়রিয়ার ভয় আছে। তাই আমাদের এই সমস্যাটি আপনাদের গণমাধ্যমের মাধ্যমে জেলা প্রশাসকের নজরে যেন আসে।

কিছুদিন আগে মেহেরপুর জেলখানার পাশ দিয়ে একটি রাস্তা করে দিয়েছে আমদহ ইউনিয়ন পরিষদ। যেখানে পানি নিষ্কাশনের কোনো ব্যবস্থা গ্রহণ করেননি। যদি করত তবে আমরা এই ভোগান্তিতে পারতাম না।

আমদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম বলেন, জলাবদ্ধ ওই এলাকায় ড্রেণ নির্মান করে পানি নিস্কাশনের ব্যবস্থা করার পদক্ষেপ গ্রহণ করা হবে। বর্ষা মৌসুম কেটে গেলে আমরা সে ব্যবস্থা করবো।

এ বিষয়ে মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, ঐ

এলাকার মানুষজন পানিবন্দি হয়ে আছে এ খাবর আমাকে কেউ জানাইনি। যদি পৌরসভার কোন এলাকা যদি জলবদ্ধতার সৃষ্টি হয় তবে আমি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবো।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ২১৭ বোতল ফেন্সিডিল ও গাঁজা উদ্ধার

মেহেরপুরে পরিত্যক্ত অবস্থায় ২১৭ বোতল ফেন্সিডিল ও ৫০ গ্রাম গাঁজা উদ্ধার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ। বুধবার রাত দশটার দিকে মেহেরপুর সদর উপজেলার কোলার মোড় থেকে ফেনসিডিল ও গাঁজা উদ্ধার করা হয়।

জানা গেছে মাদক ব্যবসায়ীরা তেলের কন্টেনিয়ারের মধ্যে বিশেষ কায়দায় ফেনসিডিল গুলো বোঝাই করে ঢাকাগামী একটি গাড়ির জন্য অপেক্ষা করছিল কোলার মোড়ে।

এসময় স্থানীয় কয়েক ব্যক্তির সন্দেহ হলে কন্টিনিয়ার এর মধ্যে কি আছে এ কথা জিজ্ঞেস করার সঙ্গে সঙ্গে মাদক ব্যবসায়ী কন্টিনিয়ার ২টি ফেলে রেখে পালিয়ে যায়।

পরে মেহেরপুর সদর থানার এ এস আই আশরাফ ইসলাম সঙ্গিয় ফোর্স নিয়ে ফেন্সিডিল ও গাঁজা উদ্ধার করে মেহেরপুর সদর থানায় নিয়ে আসে।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বিষয়টি নিশ্চিত করে বলেন, সদর উপজেলার কোলার মোড় থেকে ফেন্সিডিল ও গাঁজা উদ্ধার করা হয়েছে। পলাতক আসামী সনাক্ত করার চেষ্টা কর হচ্ছে।
মেপ্র/এমএফআর

মৎস্য সপ্তাহ উপলক্ষে মুজিবনগরে প্রামাণ্য চিত্র পদর্শন

মৎস্য সপ্তাহ ২০২০ উপলক্ষে মৎস্য সেক্টরের বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে মুজিবনগরে প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়েছে।

বুধবার দুপুরে মুজিবনগর উপজেলার জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয়ে এ প্রামাণ্য চিত্র পদর্শন করা হয়।

এ সময় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, মৎস্য অফিসের ক্ষেত্র সহকারী আহসান হাবিবসহ বিভিন্ন ইউনিয়নের মৎস্য চাষীরা উপস্থিত ছিলেন।